দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 9 APR 2003
পৃষ্ঠা ... ৮ ...

# এফ রহমান হলের ছাত্র নেতার কক্ষে তালা ॥ চরম উত্তেজনা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এফ রহমান হলে ছাত্রদল নেতার কক্ষে তালা দেয়াকে কেন্দ্র করে হল প্রশাসন ও ছাত্রদল এখন মুখোমুখি অবস্থান নিয়েছে। সোমবার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রক্টর ঘটনাস্থলে গেলেও পরিস্থিতির সমাধান হয়নি।

জানা গেছে, হলে ছাত্র উঠানোকে কেন্দ্র করে গত কয়েকদিন ধরে হল কর্তৃপক্ষের সঙ্গে হল ছাত্রদলের টানাপোড়েন চলে আসছিল। এ অবস্থায় হল কর্তৃপক্ষ হল শাখার ছাত্রদল সভাপতি আজমের রুমে (৪০৯) তালা ঝুলিয়ে দেয়। অভিযোগ আজমের ছাত্রত্ব নেই এবং তিনি অন্যের বরাদ্দকৃত রুম দখল করে আছেন। এ রকম আরও কয়েকটি কক্ষে হল প্রশাসন তালা ঝুলিয়ে দেয়। এ নিয়ে হল প্রশাসনের সঙ্গে ছাত্রদল নেতাকর্মীদের মধ্যে সোমবার রাতে চরম উত্তেজনা শুরু হয়। সংবাদ পেয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ ও প্রক্টর ড. এএসএম আতীকুর রহমান হলে গিয়ে হল প্রশাসন ও ছাত্রদল নেতাদের নিয়ে বৈঠক করেন। এ সময় উভয়পক্ষের মধ্যে চরম বাকবিতণ্ডা শুরু হয়। শেষ পর্যন্ত কোন সিদ্ধান্ত ছাড়াই উপাচার্য ও প্রক্টর চলে আসেন। তবে তাঁরা পরিস্থিতি শান্ত রাখার জন্য উভয়পক্ষকে বলে আসেন। এ ব্যাপারে হল প্রভোস্ট ফেরদৌস হোসেন সাংবাদিকদের বলেন, হলে কোন অবস্থাতেই কোন অবৈধ দখল মেনে নেয়া হবে না। তাছাড়া কোন অছাত্রেরও হলে থাকার নিয়ম নেই। তিনি জানান, হল শাখার ছাত্রদল সভাপতি আজমের ছাত্রত্ব নেই। তাই সেও হলে থাকার অধিকার রাখে না। যে কারণে হল প্রশাসনের সিদ্ধান্ত অনুযায়ী তার রুমে তালা দেয়া হয়।

এদিকে ছাত্রদল নেতাকর্মীরা অবিলম্বে হল প্রভোস্টের পদত্যাগ দাবি করেছে।

## সলিমুল্লাহ হলে এক ছাত্রকে মারধর করে হল থেকে বের করে দেয়া হয়েছে

সোমবার গভীর রাতে সলিমুল্লাহ হলে ছাত্রদলের এক গ্রুপের ক্যাডাররা আরেক গ্রুপের এক কর্মীকে মারধর করে হল থেকে বের করে দিয়েছে। জানা গেছে ১৩৯ নং কক্ষের ছাত্র ও ছাত্রদলকর্মী মাহমুদকে ছাত্রদলের কয়েকজন মিলে বেদম প্রহার করে হল থেকে বের করে দেয়।